# কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

## <u>সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ</u>

**(রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী ও লালমনিরহাট জেলার জন্য)**

**প্রকাশের তারিখ: ২২/০৬/২০২৫**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী আগামী ৭২ ঘণ্টায় ভারী বৃষ্টিপাতের প্রভাবে তিস্তা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে নীলফামারী, লালমনিরহাট, রংপুর ও কুড়িগ্রাম জেলার নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে। ভারী বৃষ্টিপাত ও বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

১। বন্যা কবলিত হওয়ার আগেই দ্রুত পরিপক্ক সবজি সংগ্রহ করে ফেলুন।
২। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
৩। জমির আইল উঁচু করে দিন।
৪। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
৫। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
৬। কলা ও অন্যান্য উদ্যানতাত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
৭। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
৮। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।